

বিসিএস প্রস্তুতি : বিসিএস প্রিলিমিনারি প্রস্তুতি গাইডলাইন (বাংলা ভাষা ও সাহিত্য)

“একজন বিসিএস ক্যাডার হিসেবে নিজেকে পরিচয় করানো” এ স্বপ্নটি যেন বাংলাদেশের লাখ তরুণের একমাত্র লক্ষ্য। আর তাই স্নাতক পাসের পর পরই লাখ লাখ শিক্ষার্থী প্রতি বছর বিসিএস পরীক্ষার জন্য ছুটতে থাকে। প্রথম শ্রেণির গেজেটভুক্ত কর্মকর্তা হওয়ার সুযোগ কয়েজনই বা হাত ছাড়া করতে চায়। বিসিএস ক্যাডার স্বপ্ন পূরণে একজন পরীক্ষার্থীকে প্রিলিমিনারি, লিখিত ও ভাইভা এই তিনটি পরীক্ষাতেই সফল হতে হয়। তাই পরীক্ষার্থীদের উচিং পরিকল্পিত ও গোছানো উপায়ে বিসিএস প্রিলিমিনারি প্রস্তুতি শুরু করা।

৩৫তম বিসিএসের আগ পর্যন্ত প্রিলিমিনারি পরীক্ষা ছিল ১০০ নম্বরের।
প্রশ্নপদ্ধতিতে বড় ধরনের পরিবর্তন এসেছিল। সর্বশেষ ৩৫তম বিসিএস থেকে
বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা ২০০ নম্বরের করা হয় এবং ২ ঘণ্টায় এই ২০০
নম্বরের এমসিকিউ প্রশ্ন (BCS Question) উত্তর করতে হয়। প্রতিটি প্রশ্নের মান ০১
এবং প্রতিটি ভুল প্রশ্নের জন্য ০.৫০ মার্ক কেটে নেয়া হয়।

বিসিএস প্রিলিমিনারি পরীক্ষায় মোট ১০ টি বিষয় থেকে প্রশ্ন হয়ে থাকে। একনজরে
প্রতিটি বিষয়ের নাম ও মানবন্টন দেখে নেয়া যাক।

ক্রমিক নম্বর	বিষয়ের নাম	নম্বর বণ্টন
১.	বাংলা ভাষা ও সাহিত্য	৩৫
২.	ইংরেজি ভাষা ও সাহিত্য	৩৫
৩.	বাংলাদেশ বিষয়াবলি	৩০
৪.	আন্তর্জাতিক বিষয়াবলি	২০
৫.	ভূগোল (বাংলাদেশ ও বিশ্ব), পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা	১০
৬.	সাধারণ বিজ্ঞান	১৫
৭.	কম্পিউটার ও তথ্য প্রযুক্তি	১৫
৮.	গাণিতিক যুক্তি	১৫
৯.	মানসিক দক্ষতা	১৫
১০.	নেতৃত্ব, মূল্যবোধ ও সু-শাসন	১০
মোট		২০০

৩৫ তম বিসিএস থেকে নতুন সিলেবাসে বিসিএস পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। তাই ৩৫-৪৩ বিসিএস পর্যালোচনা করে বিসিএস প্রিলিমিনারি প্রস্তুতি (bcs prostuti) নিতে আমরা আপনাদের জন্য বিষয়ভিত্তিক কিছু পরামর্শ দিচ্ছি।

বিসিএস সিলেবাস সম্পর্কে বিস্তারিত জানতে এখানে [ক্লিক](#) করুন।

আজকের আটিকেলে জেনে নিই বাংলা বিসিএস সিলেবাস (bcs preliminary syllabus) ও কিছু গুরুত্বপূর্ণ পরামর্শঃ

বাংলা ভাষা ও সাহিত্য বিসিএস প্রস্তুতি গাইডলাইন (BCS preparation bangla)

বিসিএস প্রিলি পরীক্ষায় সফল হতে “বাংলা ভাষা ও সাহিত্য” এর কোন বিকল্প নেই। বিসিএস প্রিলিমিনারি সিলেবাস অনুযায়ী (Bcs bangla syllabus) বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ে মোট ৩৫ টি প্রশ্ন হয়ে থাকে। এর মধ্যে বাংলা সাহিত্যে ২০ নম্বর ও বাংলা ভাষা অংশে ১৫ নম্বরের প্রশ্ন হয়ে থাকে।

বিসিএস বাংলা সিলেবাস ও মান বন্টন (BCS syllabus)

- বাংলা ভাষা - (নম্বর ১৫)
- বাংলা সাহিত্য - (নম্বর ২০)

⇒ প্রাচীন ও মধ্য যুগ (মার্ক ৫)

⇒ আধুনিক যুগ (মার্ক ১৫)

বিসিএস বাংলা রেফারেন্স বুকঃ

- বাংলা ব্যাকরণ ৯ম-১০ম শ্রেণীর বোর্ড বই (নতুন সংস্করণ)
- ভাষা ও শিক্ষা - হায়াত মামুদ
- হুমায়ুন আজাদের লাল নীল দীপাবলি
- বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা - ড. সৌমিত্র শেখর

অনুশীলন করার জন্য ঘেকোনো একটা ভালো মানের গাইড (যেমনঃ এমপিথি বাংলা/অগ্রদৃত বাংলা/প্রফেসরস)। তাছাড়া প্রশ্ন ব্যাংক সমাধান ব্যাখ্যা সহ পড়তে হবে।

আপনি চাইলে আরো কিছু বই পড়তে পারেন-

- বাংলা সাহিত্যের ইতিহাস - মাহবুবুল আলম
- শিক্র বাংলা ভাষা ও সাহিত্য

বিসিএস বাংলা ভাষা প্রস্তুতি (BCS bangla preparation)

সিলেবাসঃ

- প্রয়োগ-অপ্রয়োগ
- বানান ও বাক্যশুন্ধি
- পরিভাষা
- সমার্থকশব্দ
- বিপরীতশব্দ
- ধ্বনি ও বর্ণ
- শব্দ
- পদ
- বাক্য
- প্রত্যয়
- সন্ধি
- সমাস

কিছু কিছু টপিক সিলেবাসে দেয়া নেই কিন্তু এগুলো থেকেও প্রশ্ন হয়।

যেমনঃ উপসর্গ। উপসর্গটা মেবি শব্দের সাথে এড করে দিয়ে দেয়। কিন্তু সিলেবাসে না লেখা থাকায় অনেকেই তা বাদ দিয়ে দেয়।

- উপসর্গ
- বাগধারা

- বাক্য সংকোচন
- কারক

রিসেন্ট কয়েকটা বিসিএস পরীক্ষায় বাগধারা ও এক কথায় প্রকাশ থেকে অনেক গুলো প্রশ্ন আসছে। তাই এই টপিক টা গুরুত্ব সহকারে পড়তে হবে।

বিসিএস প্রিলিমিনারি ফ্রি প্রস্তুতি ও লাইভ এক্সাম দিতে [হ্যালো বিসিএস](#) এপ ডাউনলোড করুন।

তাছাড়া আরো কিছু টপিক আছে যেগুলো থেকে মাঝে মাঝে আসে-

- বিরাম চিহ্ন
- বচন পুরুষ
- দ্বিতীয় শব্দ
- লিঙ্গ
- গ ত্ব- ষ ত্ব বিধান
- পদাশ্রিত নির্দেশক

কিছু পরামর্শ

ক্ষেত্রে সিলেবাসের টপিক ধরে ধরে প্রথমে বিগত বছরের বিসিএস পরীক্ষার এনালাইসিস করুন। ব্যাকরণ অংশটা ভালো করে প্রস্তুতি নিলে সহজেই ১০ এর উপরে পেয়ে যাবেন।

ক্ষেত্রে ব্যাকরণের জন্য নবম-দশম শ্রেণির ব্যাকরণ বইটা খুব ভালো করে পড়বেন, বিশেষ করে নানা নিয়মের উদাহরণগুলো ভালো করে দেখবেন! সঙ্গে একটা এমসিকিউ বাংলা গাইডও রাখতে পারেন। ফলে বিগত বছরে আসা বিসিএস পরীক্ষার প্রশ্ন ও সমাধান দেখে নিতে পারবেন।

ক্ষেত্রে বিগত বছরের প্রশ্ন এনালাইসিস করলে দেখা যায়

⇒ কয়েকটা টপিক খুব গুরুত্ব সহকারে পড়া উচিঃ। যেমনঃ বানান ও বাক্যশুন্দি, পরিভাষা, সমার্থকশব্দ, ধ্বনি ও বর্ণ, শব্দ, পদ, প্রত্যয়, সন্ধি, বিপরীত শব্দ। কেননা এগুলো থেকে প্রায় প্রতি বছরই প্রশ্ন আসে।

⇒ বাগধারা, বাক্য সংকোচন, উপসর্গ, কারক এগুলোও ভালো করে পড়তে হবে। রিসেন্ট কয়েকটা বিসিএসে বাগধারা ও বাক্য সংকোচন থেকে কয়েকটা প্রশ্ন এসেছে। কারক থেকে বিসিএস এ অবশ্য অনেক কম এসেছে কিন্তু অন্যান্য চাকরীর পরীক্ষার জন্য এটি গুরুত্বপূর্ণ।

⇒ বিরাম চিহ্ন, বচন পুরুষ, দ্বিতীয় শব্দ, লিঙ্গ, ন ত্ব- ষ ত্ব বিধান, পদাশ্রিত নির্দেশক ইত্যাদি টপিক থেকে মাঝে মধ্যে প্রশ্ন এসেছে। এগুলো পড়বেন কিন্তু একটু কম গুরুত্ব সহকারে পড়তে পারেন।

বিসিএস বাংলা সাহিত্য প্রস্তুতি (BCS bangla preparation)

সিলেবাসঃ

- প্রাচীনযুগ
- মধ্যযুগ
- আধুনিকযুগ

প্রাচীন যুগ :

- চর্যাপদ (বিস্তারিত)

মধ্যযুগ : কিছু গুরুত্বপূর্ণ টপিক

- শ্রীকৃষ্ণকীর্তন
- মঙ্গলকাব্য
- অনুবাদ সাহিত্য
- নাথ সাহিত্য
- লোকসাহিত্য

- আরাকান রাজসভা
- মর্সিয়া সাহিত্য
- বৈঞ্চব সাহিত্য
- কবিয়াল ও শায়ের (পুর্থি সাহিত্য)

আরও পড়ুন: [বিসিএস লিখিত বাংলা প্রস্তুতি](#)

আধুনিক যুগ: কিছু গুরুত্বপূর্ণ টপিক

- কবি সাহিত্যিক / লেখক
- পত্রিকা
- মুক্তিযুদ্ধ বিষয়ক গ্রন্থাবলি
- পটভূমি

⇒ মুক্তিযুদ্ধ

⇒ ভাষা আন্দোলন

⇒ ৬৯

⇒ ৪৩

⇒ দেশভাগ

⇒ নদী/ গ্রামীন জীবন

⇒ তেভাগা আন্দোলন

- বিভিন্ন সাহিত্য প্রতিষ্ঠান

⇒ ফোর্ড উইলিয়াম কলেজ

⇒ ইংং বেঙ্গল

⇒ বঙ্গীয় ও মুসলিম সাহিত্য সমিতি

⇒ ঢাকা মুসলিম সাহিত্য সমাজ

⇒ বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি

⇒ বাংলা একাডেমি

কবি সাহিত্যকদের ক্ষেত্রে পিএসসির প্রিলিউ সিলেবাসে কোন কবির উল্লেখ না থাকলেও রিটেনের সিলেবাসে ১৭ জনের নাম দেওয়া আছে। কিন্তু এই ১৭ জনের মধ্যে ১১ জন কবি থেকে প্রায়ই প্রিলিউ প্রশ্ন এসে থাকে। তারা হলেন;

বিসিএস পরীক্ষার সব ধরনের টিপস পেতে এই ফেসবুক গ্রুপটি ফলো করতে পারেন।

গুরুত্বপূর্ণ ১১ জন কবিঃ

১। রবীন্দ্রনাথ ঠাকুর

২। কাজী নজরুল ইসলাম

৩। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

৪। জসীম উদ্দীন

৫। মাইকেল মধুসূদন দত্ত

৬। বক্ষিমচন্দ্র চট্টোপাধ্যায়

৭। মীর মশাররফ হোসেন

৮। দীনবন্ধু মিত্র

৯। বেগম রোকেয়া সাখাওয়াৎ হোসেন

১০। কায়কোবাদ

১১। ফররুখ আহমদ

এছাড়াও পিএসসির লিখিত সিলেবাসে আরও যাদের নাম উল্লেখ আছে তারা
হলেনঃ

১২। ঈশ্বরচন্দ্রগুপ্ত

১৩। বিহারী লাল চক্রবর্তী

১৪। প্রমথ চৌধুরী

১৫। নজিবর রহমান

১৬। জীবনানন্দ দাশ

১৭। শরৎচন্দ্র

এই সব কবি থেকেও বিসিএস প্রিলিটে প্রশ্ন এসে থাকে।

বাংলা সাহিত্যে পঞ্চপাণ্ডির নামে খ্যাত সাহিত্যিকগণ সম্বন্ধেও আপনাকে বিস্তারিত
পড়তে হবে। **পঞ্চপাণ্ডিগণ** হলেনঃ

১। জীবনানন্দ দাশ

২। বিষ্ণু দে

৩। অমিয় চক্রবর্তী

৪। সুধীন্দ্রনাথ দত্ত

৫। বুদ্ধদেব বসু

তাছাড়া আরো কয়েকজন লেখক আছেন তাদের থেকেও প্রশ্ন আসে। যেমনঃ ড.
মুহাম্মদ শহীদুল্লাহ, মুনীর চৌধুরী, শামসুর রহমান, শওকত ওসমান, মানিক

বন্দ্যোপাধ্যায়, দিজেন্রলাল রায়, মানিক বন্দ্যোপাধ্যায়, হুমায়ুন আহমেদ, মুজতবা আলী, গিরিশচন্দ্র সেন, নির্মলেন্দ গুণ, সৈয়দ অলিউল্লাহ ইত্যাদি।

কিছু পরামর্শঃ

কে প্রথমে বিগত সালের প্রশ্ন এনালাইসিস করুন

কে মুক্তিযুদ্ধ এবং ভাষা আন্দোলন বিষয়ক যে সাহিত্যকর্ম রয়েছে সেগুলো গুরুত্ব সহকারে পড়ুন।

কে ঐতিহাসিক সংবাদপত্র ও সম্পাদক, লেখকদের সাহিত্যিক ছদ্মনাম ও উপাধি, বাংলা সাহিত্যের বিখ্যাত চরিত্র সমূহ, বাংলা সাহিত্যের যা কিছু প্রথম তা পড়ুন।
অ্রমণ কাহিনি, আত্মজীবনী, বিখ্যাত উক্তিসমূহ দেখুন।

কে বাংলা একাডেমি ও পুরস্কার, এশিয়াটিক সোসাইটি, সাহিত্য সমাজ, ইয়ংবেংগল, ফোর্ড উইলিয়াম কলেজ, বঙ্গীয় ও মুসলিম সাহিত্য সমিতি, ঢাকা মুসলিম সাহিত্য সমাজ সম্পর্কে পড়ুন।

কে ওরা এগারোজন(রবীন্দ্রনাথ, নজরুল, রোকেয়া, জসীমউদ্দিন, বিদ্যাসাগর, মীর মশাররফ, মাইকেল মধুসূদন, দীনবন্ধু, বক্ষিম, ফররুখ, কায়কোবাদ) ছাড়াও আরো অনেক কবি আছে যেগুলো থেকে বিগত বছরে প্রশ্ন এসেছে। সেই কবিদের সম্পর্কেও পড়ুন।

সবশেষে, বিসিএস পরীক্ষায় সবচেয়ে বেশী মার্কস থাকে বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ে। এই ৩৫ মার্কস এর ভিতরে যারা বেশী মার্কস পায় তাদের প্রিলিমিনারীতে টিকে যাওয়ার সম্ভাবনাও বেড়ে যায়। তাই এই বিষয়ে ভাল করতে হলে বাংলা ভাষার পাশাপাশি বাংলা সাহিত্যও ঘরে গুরুত্ব দিতে হবে।

কিছু প্রয়োজনীয় ওয়েবসাইটঃ

Free BCS Live Exam : <https://hellobcs.com/>

<https://www.facebook.com/hellobcsbd>

<http://www.bpsc.gov.bd/>